“যে ব্যক্তি আমাদের কাছ থেকে কিছু শোনে এবং যেমন শুনেছে তেমনভাবে তা পৌঁছে দেয়, আল্লাহ তাকে তরতাজা করুন, কারণ অনেক বাহক শ্রোতার চেয়ে বেশি জ্ঞানী”।

আব্দুল্লাহ ইবনু মাস‘ঊদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূলুল্লাহ সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি: “যে ব্যক্তি আমাদের কাছ থেকে কিছু শোনে এবং যেমন শুনেছে তেমনভাবে তা পৌঁছে দেয়, আল্লাহ তাকে তরতাজা করুন, কারণ অনেক বাহক শ্রোতার চেয়ে বেশি জ্ঞানী”।
[সহীহ] [এটি তিরমিযী, ইবনে মাজাহ ও আহমাদ বর্ণনা করেছেন।]

নবী সাল্লাল্লাহু ‘আলাইহি ওয়াসাল্লাম যে তাঁর হাদিস শোনে এবং মুখস্থ করে যাতে তা অন্যদের কাছে পৌঁছে দিতে পারে তার জন্য এই পৃথিবীতে সতেজতা, আনন্দ ও সৌন্দর্য এবং আখিরাতে যাতে আল্লাহ তাকে জান্নাতের সতেজতা, আনন্দ ও সৌন্দর্যের দিকে পরিচালিত করেন দোয়া করেছেন। সম্ভবত যার কাছে হাদিসটি পৌঁছেছে সে হাদিসটি প্রচারকারীর চেয়ে বেশি জ্ঞানী, বেশি উপলব্ধিশীল এবং সিদ্ধান্তে পৌঁছাতে বেশি সক্ষম। প্রথমজন মুখস্থকরণ ও প্রচারে দক্ষ আর দ্বিতীয়জন বোধগম্যতা ও গবেষণায় দক্ষ।

http://sunnah.global/hadeeth/bn/show/6820